# আপার ডার্বিতে কীভাবে একটি ছোট ব্যবসা শুরু করবেন

আপার ডার্বিতে একটি ছোট ব্যবসা শুরু করার সময় আপনি যেসব বিষয়গুলি বিবেচনা করবেন, এখানে তার একটি সামগ্রিক চিত্র দেওয়া হল। এই নির্দেশিকায় সেই সব পদ্ধতি, প্রবিধান এবং লাইসেন্স অন্তর্ভুক্ত করা হল যা প্রতিটি ছোট ব্যবসাকে প্রভাবিত করে। এছাড়াও এখানে খাদ্য বিক্রয় এবং নাড়াচাড়া করা হয় এমন ব্যবসার জন্য প্রয়োজনীয় অতিরিক্ত লাইসেন্স এবং প্রশিক্ষণ বিষয়েও বলা আছে।

অনুগ্রহ করে মনে রাখবেন যে এটি একটি নির্দেশিকা এবং আপনি বর্তমান পদ্ধতিগুলি মেনে চলছেন তা নিশ্চিত করতে আপনার টাউনশিপ অফিস (এই নির্দেশিকায় তালিকা দেওয়া আছে)এর সঙ্গে যোগাযোগ করুন।

# নিয়মকানুনগুলি বোঝা

সব ব্যবসায় নিয়মকানুন অনুসরণ করে চলতে হয়, যেগুলি আসলে সরকারি বিধি। আপনি যে ধরনের ব্যবসা খুলতে চান তার ধরনের ওপর নির্ভর করবে এই নিয়মগুলি। খরিদ্দার এবং ব্যবসার লগ্নী সুরক্ষিত রাখতে ব্যবসার মালিকদের পক্ষে এই নিয়ম বোঝা এবং তা মেনে চলা গুরুত্বপূর্ণ।

## সব ব্যবসার জন্য

জোনিং নিয়মকানুনে নির্দিষ্ট করে বলা আছে একটি নির্দিষ্ট স্থানে কী ধরনের ব্যবসা চালানো যায় এবং চিহ্ন ও গাড়ি রাখা সংক্রান্ত বিষয়ে বিধি নির্দিষ্ট করা আছে।

বিল্ডিং কোড সংক্রান্ত নিয়মকানুনের শর্ত হল ব্যবসায়িক সম্পত্তির ভিতরে কাঠামো এবং স্থান উভয়কেই সুরক্ষিত এবং খরিদ্দার ও কর্মীদের জন্য প্রবেশযোগ্য রাখতে হবে। বিল্ডিং কোড-এ নির্দিষ্ট করে বলা থাকে কীভাবে বৈদ্যুতিক, পানিব্যবস্থা, ঘর গরম করার ব্যবস্থা এবং অগ্নি নিরাপত্তা ব্যবস্থা বসাতে হবে এবং তার রক্ষণাবেক্ষণ করতে হবে।

## যেসব ব্যবসায় খাদ্য বিক্রি, পরিবেশন এবং/অথবা তৈরি করা হয় তার জন্য (যেমন মুদিখানা, কফির দোকান, ডেলিস্, রেস্টুরেণ্ট, কেটারার)

মার্কিন যুক্তরাষ্ট্রে রোগ প্রতিরোধে খাদ্য বিক্রয়ের প্রতিষ্ঠানগুলিকে কঠোর নিয়মকানুন দ্বারা নিয়ন্ত্রণ করা হয়।
ফুড এস্টাব্লিশমেণ্ট এর নিয়মকানুনে নির্দিষ্ট করে বলা থাকে কীভাবে খাদ্য সংরক্ষণ, তৈরির স্থান এবং সরঞ্জাম বসাতে হবে এবং কীভাবে পানি সরবরাহ এবং পানি নিকাশী ব্যবস্থা বসাতে হবে এবং তার রক্ষণাবেক্ষণ করতে হবে।

# গুরুত্বপূর্ণ তথ্যসূত্র
# এবং টেলিফোন নম্বর

**Upper Darby Licenses and Inspection (L&I) Department**
100 Garrett Road, Room 109
Upper Darby, PA 19082
ফোন : 610-734-7613
www.upperdarby.org/licenses-inspection.html
আপার ডার্বিতে একটি ছোট ব্যবসা খোলার জন্য আপনার প্রাথমিক সংযোগ

**Upper Darby Public Health Department**
100 Garrett Road, Room 306
Upper Darby, PA 19082
ফোন : 610-734-7640
www.upperdarby.org/health.html
যদি আপনার ব্যবসায় খাদ্য বিক্রয়, পরিবেশন এবং/অথবা তৈরি করা হয় তাহলে ব্যবসায় অর্থলগ্নী করার আগে অনুগ্রহ করে হেলথ ডিপার্টমেণ্ট এর সঙ্গে যোগাযোগ করুন।

**Upper Darby Finance Department**
**Business Taxes and Licenses**
100 Garrett Road, Room 102
Upper Darby, PA 19082
ফোন : 610-734-7618
www.upperdarby.org/local-taxes.html
ফাইন্যান্স ডিপার্টমেণ্ট আপনার ব্যবসার নথিভুক্তি
এবং টাউনশিপ এর ব্যবসা সংক্রান্ত ট্যাক্স বিষয়ে আপনাকে বুঝতে সাহায্য করতে পারে।

## ব্যবসা শুরু করার আগে যে পদক্ষেপগুলি গ্রহণ করবেন

**পদক্ষেপ 1: পরিকল্পনা**

**প্রেক্ষাপট সংক্রান্ত গবেষণা করুন**

- সম্ভাব্য স্থানটি (স্থানগুলি)শনাক্ত করুন
- আইনকানুন জানুন
- অর্থপ্রবাহের আনুমানিক পরিমাণ হিসেব করুন
- একটি ব্যবসা পরিকল্পনার খসড়া তৈরি করুন
- সরঞ্জামের স্থানীয় সূত্রসমূহ এবং কোথায় পাইকারি হারে কেনা যায়
- বিমা ব্যবস্থাগুলি বিবেচনা করুন

**অনানুষ্ঠানিক সভার ব্যবস্থা করুন**
**স্থানীয় টাউনশিপ অফিসের সঙ্গে**

- আপার ডার্বি L&I ডিপার্টমেন্ট
- আপার ডার্বি পাবলিক হেলথ ডিপার্টমেন্ট (যদি খাদ্য বিক্রি করেন অথবা নাড়াচাড়া করেন)

**পদক্ষেপ 2: জোনিং অনুমোদন**

**জোনিং অনুসরণ সংক্রান্ত পর্যালোচনা সংগ্রহ করুন**

-ব্যবহার এবং দখল সংক্রান্ত সনদের জন্য আবেদন করুন

**যোগাযোগ**

-আপার ডার্বি L&I ডিপার্টমেন্ট

**পদক্ষেপ 3 অন্যান্য অনুমোদন এবং রেজিস্ট্রেশন**

**বিল্ডিং কোড এর অনুরোধ**

-বিল্ডিং পারমিট এর জন্য আবেদন করুন
-পরিদর্শনের ব্যবস্থা করুন

**যোগাযোগ**

-আপার ডার্বি L&I ডিপার্টমেন্ট

**হেলথ কোড এর অনুমোদন**
(যদি খাদ্য বিক্রয় অথবা নাড়াচাড়া করেন)

-ফুড লাইসেন্স এর জন্য আবেদন করুন
-পরিদর্শনের ব্যবস্থা করুন

**যোগাযোগ**

-আপার ডার্বি পাবলিক হেলথ ডিপার্টমেন্ট

**ব্যবসার রেজিস্ট্রেশন**

-ট্যাক্স এর জন্য রেজিস্টার করুন
-লাইসেন্স এর জন্য আবেদন করুন

**যোগাযোগ**

-আপার ডার্বি ফাইন্যান্স ডিপার্টমেন্ট অব রেভিনিউ

**চূড়ান্ত পরিদর্শন এবং অনুমোদনের ব্যবস্থা করুন**

**যোগাযোগ**

-আপার ডার্বি L&I ডিপার্টমেন্ট
-আপার ডার্বি ফায়ার ডিপার্টমেন্ট
-আপার ডার্বি পাবলিক হেলথ ডিপার্টমেন্ট (যদি খাদ্য বিক্রয় অথবা নাড়াচাড়া করেন)

**ব্যবসার জন্য খোলা**

# পদক্ষেপ 1: আপনার ব্যবসার পরিকল্পনা

## আপনি শুরু করার আগে

ব্যবসার প্রাথমিক কাজকর্মের কথা চিন্তা করুন:

- **সম্ভাব্য স্থানগুলিকে শনাক্ত করুন,** যদি ব্যবসার জোন সঠিকভাবে নির্দিষ্ট না থাকে, তাহলে জোন পরিবর্তন চাইলে আপনাকে অতিরিক্ত সময় এবং অর্থ ব্যয় করতে হবে।
- **আইন জানুন।** ব্যবসায়িক কাজকর্ম যার অন্তর্ভুক্ত হল ট্যাক্স, কর্মী এবং নিয়ন্ত্রিত সামগ্রীর বিক্রয় যেমন মদ অথবা আগ্নেয়াস্ত্র ফেডারেল, স্টেট এবং স্থানীয় আইন দ্বারা নিয়ন্ত্রিত।
- **আপনার সাপ্তাহিক লাভ এবং ব্যয়ের আনুমানিক হিসেব করুন।** ব্যবসার প্রথম বছরে আপনি কী পরিমাণ আয় ও ব্যয় করবেন সে বিষয়ে একটি সাধারণ ধারণা করুন।
- **একটি ব্যবসা পরিকল্পনা তৈরি করার কথা বিবেচনা করুন।** ব্যবসা পরিকল্পনা থাকলে আপনি ঋণ, অনুদান এবং বিকল্প অন্যান্য আর্থিক সুযোগ-সুবিধা পাওয়ার যোগ্য হবেন।
- **সরঞ্জামের উৎস আবিষ্কার করুন** এবং পাইকারি বিক্রেতাদের সঙ্গে সম্পর্ক তৈরি করুন।
- **ব্যবসা বিমার বিকল্পগুলি বিবেচনা করুন** যাতে ক্ষয়ক্ষতি, অপরাধ অথবা লোকসান থেকে সুরক্ষিত থাকতে পারেন।

## যখন পরিকল্পনা করবেন

তখন আপার ডার্বি টাউনশিপ এর কর্মীদের সঙ্গে মিলিত হোন আপনার ব্যবসায় অর্থলগ্নী অথবা আপনার পরিকল্পনাগুলির চূড়ান্ত রূপদানের আগে। L&I কর্মীরা আপনাকে জোনিং নিয়মকানুনগুলি বুঝতে এবং ব্যবসা শুরু করতে হলে আপনার যে সার্টিফিকেট, পারমিট এবং লাইসেন্স প্রয়োজন হবে সেগুলিকে শনাক্ত করতে সাহায্য করবে। যদি আপনার ব্যবসায় খাদ্য বিক্রয় অথবা নাড়াচাড়া করা হয়, তাহলে পাবলিক হেলথ ডিপার্টমেণ্ট এর কর্মীরা আপনাকে ফুড এস্টাব্লিশমেণ্ট সংক্রান্ত নিয়মকানুনগুলি এবং লাইসেন্স পেতে হলে আপনাকে কী করতে হবে তা বুঝতে সাহায্য করবেন।

### গুরুত্বপূর্ণ: আপার ডার্বিতে স্থানটি সম্পর্কে নিশ্চিতভাবে জানান

অনেক সময় সম্পত্তির ডাকে পাঠানোর ঠিকানায় যে শহরের উল্লেখ থাকে, তা ব্যবসাটি যে টাউনশিপ অথবা মিউনিসিপ্যালিটি'তে অবস্থিত তার সমার্থক হয় না। 610-734-7613 নম্বরে আপার ডার্বি টাউনশিপ L&I ডিপার্টমেণ্ট'কে টেলিফোন করে নিশ্চিত হয়ে নিন যে আপনার নতুন ব্যবসাটি বাস্তবিকই আপার ডার্বির সীমানার মধ্যে অবস্থিত। এটি গুরুত্বপূর্ণ কারণ যে শহরে আপনার ব্যবসাটি অবস্থিত আইনসম্মতভাবে ব্যবসা চালাতে হলে আপনাকে সেখানকার নিয়মকানুন অনুসরণ করতে হবে।

# পদক্ষেপ 2:  জোনিং অনুমোদন

## শুরু করা

আপার ডার্বিতে ব্যবসা চালাতে আপনাকে ব্যবহার এবং দখল অর্থাৎ ইউজ্ অ্যাণ্ড অকুপেন্সি সার্টিফিকেট পেতে হবে যাতে দেখানো থাকবে যে আপনি জোনিং অনুমোদন (ব্যবহার) পেয়েছেন এবং আপনার ব্যবসায় বিল্ডিং কোড এর নিয়মকানুন (দখল) অনুসরণ করা হয়েছে।

আপার ডার্বি L&I ডিপার্টমেণ্ট থেকে ইউজ্ অ্যাণ্ড অকুপেন্সি সার্টিফিকেটের আবেদনপত্র পাওয়ার জন্য আপার ডার্বি ডিপার্টমেণ্টকে 610-734-7613 নম্বরে টেলিফোন করুন। তাঁরা আপনাকে একটি নতুন বিজ্‌নেস্ অ্যাণ্ড টেকওভার আবেদন মোড়ক দেবে যার মধ্যে ইউজ্ অ্যাণ্ড অকুপেন্সি আবেদন ফর্ম্ থাকবে এবং যার অন্তর্ভুক্ত হবে:

- ইউজ্ অ্যাণ্ড অকুপেন্সি'র অনুমোদনের জন্য প্রয়োজনীয় লাইসেন্স, পারমিট এবং সার্টিফিকেট সম্পর্কিত সাধারণ তথ্য
- যে সম্পত্তিতে আপনার ব্যবসা পরিচালনা করবেন তার বিল্ডিং কোড সম্পর্কিত সাধারণ সহায়ক সূত্র এবং কী পরিদর্শন করা হবে (যেমন প্রস্থানপথ, রক্ষণাবেক্ষণ, অগ্নি সুরক্ষা, পানিব্যবস্থা এবং বৈদ্যুতিক, ঘর গরম রাখার অথবা শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা)

এছাড়াও আপনি নতুন বিজ্‌নেস্ মোড়কটি আপার ডার্বি লাইসেন্সেস্ এবং ইন্সপেকশন পারমিটস্ পৃষ্ঠা থেকে অনলাইন-এ পেতে পারেন। www.upperdarby.org/permits.html-এ যান এবং পারমিট অ্যাপ্লিকেশনস্/বিজ্‌নেস্ পারমিটস্-এ নেমে আসুন।

## জোনিং অনুমোদন পাওয়া

যখন আপনার ব্যবসার জন্য ইউজ্ সার্টিফিকেশন এর আবেদন করবেন, তখন আপনার ব্যবসাটি কোথায় অবস্থিত এবং আপনি কী ধরনের সামগ্রী অথবা পরিষেবা বিক্রী করছেন তা চিহ্নিত করতে হবে। এছাড়াও সম্পত্তির কোনো গঠনগত পরিবর্তন করার পরিকল্পনা থাকলে এবং আপনি কোনো চিহ্ন যোগ করার অথবা পরিবর্তন করার কথা ভাবলে তা বর্ণনা করবেন। এই তথ্য জোনিং কমপ্লায়েন্স এর পর্যালোচনার জন্য ব্যবহৃত হবে।

### জোনিং

মার্কিন যুক্তরাষ্ট্রে ব্যক্তিগত সম্পত্তি কীভাবে জোনিং নামে একটি পদ্ধতির দ্বারা ব্যবহৃত হতে পারে তা সরকার নিয়ন্ত্রণ করে। জোনিং সম্পত্তির "ব্যবহার" পরিচালনা করে। উদাহরণস্বরূপ, কোনো সম্পত্তি রেস্টুরেণ্ট, দোকান, ডে-কেয়ার, সেলুন, গৃহ অথবা অন্যান্য কাজে ব্যবহৃত হতে পারে কি না তা জোনিং নির্দেশ করে। এছাড়াও জমি এবং বাড়ি এবং চিহ্ন ও গাড়ি রাখার জায়গার আকার, জায়গা ছেড়ে রাখা এবং অন্যান্য বৈশিষ্ট্য নিয়ন্ত্রণ করে জোনিং।

আপনি কোনো সম্পত্তি অথবা ব্যবসায় অর্থলগ্নী করলে অথবা তার লিজ্ নিলে আপার ডার্বি L&I ডিপার্টমেণ্ট থেকে জেনে নিন জোনিং কোড অনুসারে সম্পত্তিটি আপনি যে ধরনের ব্যবসা চালানোর পরিকল্পনা করেছেন তা চালানোর অনুমোদন দেয় কি না - যদি একই ধরনের ব্যবসা এখন সেখানে চলতে থাকে তাহলেও এটা করতে হবে। যদি প্রক্রিয়ার সূচনায় আপনি জোনিং অনুমোদন না পান, তাহলে ভবিষ্যতে আপনার নির্বাচিত স্থানে নির্দিষ্ট ধরনের ব্যবসা খোলার সময় সমস্যার সম্মুখীন হতে পারেন। যদি জোনিং অনুমোদন না পান, তাহলে জোনিং পরিবর্তন চেয়ে আবেদন করে আপনাকে জোনিং বোর্ডের সামনে উপস্থিত হতে হবে।

# পদক্ষেপ 3: অন্যান্য অনুমোদন এবং রেজিস্ট্রেশন

## বিল্ডিং কোড এর অনুমোদন পাওয়া - সব ব্যবসার জন্য

যখন অকুপেন্সি সারিটিফিকেটের জন্য আবেদন করবেন, তখন আপনার ব্যবসাক্ষেত্রের মেঝের পরিকল্পনা এবং অভ্যন্তরীণ নকশা, ভৌত ব্যবস্থাসমূহ, অগ্নি সুরক্ষা ব্যবস্থা এবং চিহ্নগুলি সম্পর্কে বিস্তারিত তথ্য দেবেন। এই তথ্য ব্যবহার করে আপার ডার্বি ডিপার্টমেণ্ট এর কর্মীরা শনাক্ত করবেন যে আপনার কী ধরনের বিল্ডিং পারমিট এর প্রয়োজন এবং L&I কর্মীদের কী ধরনের পরিদর্শন করতে হবে।

### বিল্ডিং পারমিট এবং পরিদর্শন

যদি ব্যবসা সম্পত্তিতে ভৌত পরিবর্তন করেন অথবা বাড়িটি যেভাবে ব্যবহার করা হবে তাতে কোনো পরিবর্তন করেন, তাহলে কাজ শুরু করার আগে আপনাকে বিল্ডিং পারমিট এর জন্য আবেদন করতে হবে। পানিব্যবস্থা, দেওয়াল অথবা অতিরিক্ত নির্মাণের কাজ এবং বৈদ্যুতিক, ঘর গরম রাখার অথবা শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থার জন্য পৃথক অনুমোদনের প্রয়োজন হয়। আপনাকে একজন স্থপতি অথবা ইঞ্জিনিয়ারের সাহায্য নিয়ে পরিকল্পনা এবং নকশা তৈরি করতে হবে। কাজ এগোনোর সঙ্গে সঙ্গে L&I কর্মীরা পরিদর্শন করবেন। পারমিট এর জন্য আবেদন এবং প্রশ্ন থাকলে 610-734-7613 নম্বরে টেলিফোন করে L&I ডিপার্টমেণ্ট এর সঙ্গে যোগাযোগ করুন।

### চূড়ান্ত অনুমোদন

আপনি খোলার আগে L&I কর্মীরা আপনার নতুন ব্যবসা পরিদর্শন করে নিশ্চিত হবেন যে সেখানে বিল্ডিং কোড মানা হয়েছে। আপনার অগ্নি সুরক্ষা ব্যবস্থারও অনুমোদন প্রয়োজন হবে। যদি আপনি কোনো গঠনগত পরিবর্তন নাও করেন, তাহলে আপনি খোলার আগে নতুন ব্যবসা পরিদর্শনের প্রয়োজন।

### বিল্ডিং প্ল্যান সম্পর্কে মন্তব্য

আপনার ব্যবসাস্থলে আপনি যে পরিবর্তন করছেন তার জন্য কী ধরনের বিল্ডিং প্ল্যান অথবা নকশা লাগে তা জেনে নিতে অবশ্যই আপার ডার্বি L&I (এবং হেলথ ডিপার্টমেণ্ট যদি আপনি খাদ্য বিক্রী এবং নাড়াচাড়া করেন) ডিপার্টমেণ্ট এর সঙ্গে যোগাযোগ করবেন। যদিও বড়সড় পরিবর্তনের ক্ষেত্রে একজন স্থপতি অথবা ইঞ্জিনিয়ারের তৈরি নকশার প্রয়োজন হবে, কিছু কিছু ছোটখাট পরিবর্তনের ক্ষেত্রে পেশাদারদের দিয়ে নকশা তৈরির প্রয়োজন হয় না।

## হেলথ কোড এর জন্য অনুমোদন পাওয়া - শুধু খাদ্য বিক্রী অথবা নাড়াচাড়া করতে হয় এমন ব্যবসার জন্য

যেসব ব্যবসায় খাদ্যবস্তু বিক্রী, পরিবেশন এবং/অথবা তৈরি করা হয় সেগুলিকে "ফুড এস্টাব্লিশমেণ্ট" শ্রেণীভুক্ত করা হয় এবং এগুলি আপার ডাব্বি পাবলিক হেলথ ডিপার্টমেণ্ট কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত এবং অনুমোদিত হতে হবে। হেলথ ডিপার্টমেণ্ট খাদ্য নাড়াচাড়ার প্রক্রিয়া এবং ফুড এস্টাব্লিশমেন্ট নির্মাণ অথবা পরিবর্তন নিয়ন্ত্রণ করে শহরের হেলথ কোড অনুসরণ সুনিশ্চিত করে। ব্যবসা খোলার আগে আপনার কী করণীয় তা জানার জন্য 610-734-7640 নম্বরে টেলিফোন করে হেলথ ডিপার্টমেণ্ট এর সঙ্গে যোগাযোগ করুন।

পরিদর্শন এবং অনুমোদন প্রক্রিয়া চলাকালীন হেলথ ডিপার্টমেণ্ট আপার ডাব্বি L&I ডিপার্টমেণ্ট (বিল্ডিং কোড মেনে চলা হচ্ছে কি না তা দেখার দায়িত্ব এদের)এর সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্কে রেখে কাজ করে।

এবিষয়ে সচেতন থাকবেন যে খাদ্যের নিরাপত্তা নিশ্চিত করতে হেলথ ডিপার্টমেণ্ট ফুড এস্টাব্লিশমেণ্ট এর বিভিন্ন দিক নিয়ন্ত্রণ করে যেমন:

- সরঞ্জামের নকশা এবং তা বসানো
- বাতাস চলাচল
- মেঝে তৈরি
- ইউটিলিটি লাইন
- ছাদ নির্মাণ
- পানীয়ের ব্যবস্থা
- পোকামাকড় নিয়ন্ত্রণ
- আলোর ব্যবস্থা
- পানি এবং বর্জ্য পদার্থের নিকাশী ব্যবস্থা
- রেস্টরুম এবং লকার এর সুযোগ-সুবিধা
- পুনর্ব্যবহার এবং রিসাইক্লেবলস্

**চূড়ান্ত অনুমোদন**

খোলার আগে হেলথ ডিপার্টমেণ্ট চূড়ান্ত পরিদর্শন করবেন এবং ফুড সার্ভিস এস্টাব্লিশমেণ্ট চালানোর জন্য আপনার লাইসেন্সটি অনুমোদন করবেন। <u>যদি আপনি কোনো গঠনগত পরিবর্তন নাও করেন</u>, তাহলেও আপনি ব্যবসা খোলার আগে নতুন ব্যবসা পরিদর্শনের প্রয়োজন। আপনি ব্যবসা খোলার পরে হেলথ কোড মেনে চলা নিশ্চিত করতে হেলথ ডিপার্টমেণ্ট যথেচ্ছভাবে নির্বাচনের মাধ্যমে পরীক্ষা করে দেখবে।

### ফুড এস্টাব্লিশমেণ্ট সংক্রান্ত নিয়মকানুন

যেসব ব্যবসায় খাদ্য বিক্রী, পরিবেশন এবং/অথবা তৈরি করা হয়, মার্কিন যুক্তরাষ্ট্রে সেই ধরনের ব্যবসা কঠোরভাবে নিয়ন্ত্রণ করা হয় যাতে অসুস্থতা নিয়ন্ত্রণ এবং নিরাপত্তা নিশ্চিত করা যায়। মুদিখানা, কনভিনিয়েন্স স্টোর, মিনি-মার্ট, ডেলিস্, রেস্টুরেণ্ট, কাফেটেরিয়া এবং কেটারার ধরনের সব ব্যবসার লাইসেন্স প্রয়োজন এবং তাদের হেলথ কোড এর নিয়মকানুন মেনে চলতে হয়। এই নিয়মকানুন জটিল হতে পারে যা নির্ভর করে কোন্ ধরনের খাদ্য আপনি বিক্রী করতে চাইছেন এবং কীভাবে সেই খাদ্য মোড়কে ঢোকানো হচ্ছে, তৈরি, সংরক্ষণ, পরিবেশন ইত্যাদি করা হচ্ছে তার ওপর। নির্দিষ্টভাবে আপনার ব্যবসার ক্ষেত্রে কোন্ নিয়মাকানুনগুলি প্রযোজ্য এবং সেগুলি অনুসরণ করতে হলে আপনাকে কী করতে হবে তা বোঝার জন্য আপার ডাব্বি পাবলিক হেলথ ডিপার্টমেণ্ট (610-734-7640) সাহায্য করতে পারে।

**ফুড স্যানিটেশন ম্যানেজার সার্টিফিকেশন**

অধিকাংশ ফুড এস্টাব্লিশমেণ্টকে একজন সম্পূর্ণ সময়ের কর্মী রাখতে হয় যিনি সার্টিফায়েড ফুড স্টেশন ম্যানেজার (CFSM) হিসেবে অনুমোদিত। এই কর্মী অবশ্যই একটি অনুমোদিত খাদ্য নিরাপত্তা এবং সার্টিফিকেশন (সাধারণত 16 ঘণ্টা দীর্ঘ হয়) পাঠক্রম সম্পূর্ণ করবেন। কাজের সময় সর্বদা এই অনুমোদিত কর্মীর আপনার ব্যবসাস্থলে উপস্থিত থাকার প্রয়োজন নেই।

আপনার ব্যবসায় CFSM এর প্রয়োজনীয়তা সম্পর্কে আরও তথ্যের জন্য 610-734-7640 নম্বরে আপার ডার্বি পাবলিক হেলথ ডিপার্টমেণ্ট এর সঙ্গে যোগাযোগ করুন। তাঁরা আপনাকে ইংরেজি এবং অন্যান্য ভাষায় অনুমোদিত সার্টিফিকেশন পাঠক্রম সম্পর্কে তথ্য দিতে পারবেন।

## আপনার ব্যবসার রেজিস্ট্রেশন - সব ব্যবসার জন্য

আপার ডার্বিতে ব্যবসা চালাতে হলে আপনাকে অবশ্যই নতুন ব্যবসা আপার ডার্বি ফাইন্যান্স ডিপার্টমেণ্ট এ নিবন্ধীকরণ করতে হবে এবং বিজনেস্ প্রিভিলেজ লাইসেন্স পেতে হবে। প্রতি বছর এই লাইসেন্স এর পুনর্নবীকরণ প্রয়োজন। 601-734-7618 নম্বরে টেলিফোন করে ফাইন্যান্স ডিপার্টমেণ্ট এর সঙ্গে আবেদনের জন্য যোগাযোগ করুন অথবা www.upperdarby.org/finance.html ওয়েবসাইট-এ যান (সার্ভিস্ ট্যাক্স ফর্মস্ এ ক্লিক্ করুন এবং তারপরে আদার লোকাল ট্যাক্স-এ নেবে যান)।

আপনার ব্যবসার জন্য আপনাকে যেসব স্থানীয় ট্যাক্স দিতে হবে সে সম্পর্কে বুঝতে ফাইন্যান্স ডিপার্টমেণ্ট আপনাকে সাহায্য করতে পারে। ফাইন্যান্স ডিপার্টমেণ্ট এর ঠিকানা: 100 Garrett Road, Room 201, Upper Darby, PA 19082।

আপনি অবশ্যই আপনার নতুন ব্যবসায়িক সত্ত্বা এবং ব্যবসার নাম স্টেট অব পেনসিলভ্যানিয়ায় রেজিস্টার করে সেলস্ ট্যাক্স এর লাইসেন্স নেবেন। প্রয়োজনীয় ফর্মগুলি পেতে পেনসিলভ্যানিয়া ডিপার্টমেণ্ট অব রেভিনিউকে 610-619-8018 অথবা 717-787-1064 নম্বরে টেলিফোন করে পেনসিলভ্যানিয়া ওপেন ফর বিজনেস্ ওয়েবসাইট-এ যান: www.paopen4business.state.pa.us

যদি আপনি কর্মী নিয়োগ করার পরিকল্পনা করেন, তাহলে ইউ.এস. ইণ্টারনাল রেভিনিউ সার্ভিস (IRS) থেকে এমপ্লয়ার আইডেণ্টিফিকেশন নম্বর (EIN) নিতে হবে। আবেদনের জন্য IRS-কে 800-829-4933 নম্বরে কল করুন অথবা অনলাইন-এ আবেদন করুন এই ঠিকানায়: www.irs.gov/businesses/small/article/0,,id=102767,00.html

নিয়োগকর্তা হিসেবে আপনার ট্যাক্স জমা করার দায়িত্বও থাকবে যেমন ট্যাক্স কেটে রাখা এবং বেকারত্বের জন্য ক্ষতিপূরণ। আরও জানতে এবং প্রয়োজনীয় ফর্মগুলি পেতে পেনসিলভ্যানিয়া ডিপার্টমেণ্ট অব রেভিনিউকে 610-619-8018 অথবা 717-787-1064 নম্বরে টেলিফোন করুন অথবা পেনসিলভ্যানিয়া ওপেন ফর বিজনেস্ ওয়েবসাইট-এ যান: www.paopen4business.state.pa.us

# অতিরিক্ত তথ্য

## লাইসেন্স, ট্যাক্স এবং সার্টিফিকেশন

মনে রাখবেন : এই ব্যয়গুলির ভবিষ্যতে পরিবর্তন হতে পারে।

**বিল্ডিং পারমিট** – ফি বিভিন্ন হতে পারে
যদি সম্পত্তিতে পরিবর্তন করেন তাহলে প্রয়োজন। যে কাজ করতে হবে তার খরচের ওপর সাধারণ ফি নির্ভর করে। আপার ডার্বি L&I ডিপার্টমেণ্ট এর সঙ্গে যোগাযোগ করুন 610-734-7613 নম্বরে টেলিফোন করে।

**বিজ্নেস্ প্রিভিলেজ/মার্কেনটাইল রেজিস্ট্রেশন এবং লাইসেন্স -** ফি সম্পর্কে টাউনশিপ এর কাছ থেকে জেনে নিন
আপনাকে আপার ডার্বিতে ব্যবসা করার অনুমতি দেয়। প্রত্যেক বছর অবশ্যই পুনর্নবীকরণ করতে হবে। আপার ডার্বি ফাইন্যান্স ডিপার্টমেণ্ট এর সঙ্গে যোগাযোগ করুন 610-734-7618 নম্বরে টেলিফোন করে।

**বিজ্নেস্ প্রিভিলেজ/মার্কেনটাইল ট্যাক্স** – ফি বিভিন্ন হবে
ব্যবসায় মোট আয়ের ওপর আপার ডার্বির ট্যাক্স। ব্যবসার ট্যাক্স সম্পর্কে আরও তথ্য পেতে 610-734-7618 নম্বরে আপার ডার্বি ফাইন্যান্স ডিপার্টমেণ্টকে টেলিফোন করুন।

**স্টেট ট্যাক্স লাইসেন্স** – কোনো ফি লাগে না
অধিকাংশ খুচরা ব্যবসার জন্য পেনসিলভ্যানিয়া সেলস্ ট্যাক্স লাইসেন্স প্রয়োজন হয়। আরও তথ্যের জন্য 610-619-8018 অথবা 717-787-1064 নম্বরে পেনসিলভ্যানিয়া ডিপার্টমেণ্ট অব রেভিনিউকে টেলিফোন করুন।

**ইউজ্ অ্যাণ্ড অকুপেন্সি সার্টিফিকেশন** – ফি সম্পর্কে টাউনশিপের কাছ থেকে জেনে নিন
সব ব্যবসাকেই আপার ডার্বি টাউনশিপ থেকে ইউজ্ অ্যাণ্ড অকুপেন্সির সার্টিফিকেট অবশ্যই নিতে হবে।
610-734-7613 নম্বরে টেলিফোন করে আপার ডার্বি L&I এর সঙ্গে যোগাযোগ করুন।

**ফুড এস্টাব্লিশমেণ্ট লাইসেন্স** (যদি খাদ্য বিক্রী অথবা নাড়াচাড়া করা হয়) – ফি সম্পর্কে টাউনশিপের কাছ থেকে জেনে নিন
যদি খাদ্য বিক্রী, পরিবেশন এবং/অথবা খাদ্য তৈরি করেন, তাহলে আপার ডার্বি পাবলিক হেলথ ডিপার্টমেণ্ট এর কাছ থেকে আপনাকে ফুড এস্টাব্লিশমেণ্ট লাইসেন্স নিতে হবে। আপনার যে ধরনের লাইসেন্স প্রয়োজন হবে তা নির্ভর করবে আপনি যে ধরনের খাদ্য পরিবেশন ব্যবসা চালানোর পরিকল্পনা করেছেন তার ওপর। লাইসেন্স এর আবেদনপত্র পাওয়ার জন্য 610-734-7640 নম্বরে টেলিফোন করে হেলথ ডিপার্টমেণ্ট এর সঙ্গে যোগাযোগ করুন।

**খাদ্য নিরাপত্তা/স্বাস্থ্যবিধি পাঠক্রম সার্টিফিকেশন**
(যদি খাদ্য বিক্রয় অথবা নাড়াচাড়া করেন)-
যদি আপনি খাদ্য বিক্রী, পরিবেশন এবং/অথবা তৈরি করেন, তাহলে আপনার একজন সম্পূর্ণ সময়ের সার্টিফায়েড ফুড স্যানিটেশন ম্যানেজার (CFSM) এর প্রয়োজন হতে পারে। আপার ডার্বি পাবলিক হেলথ ডিপার্টমেণ্টকে 610-734-7640 নম্বরে টেলিফোন করে আপনার ব্যবসার জন্য আর কী প্রয়োজন এবং ইংরেজি ও অন্যান্য ভাষায় যে সার্টিফিকেশন পাঠক্রমের ব্যবস্থা আছে সে সম্পর্কে আপনি আরও তথ্য পেতে পারেন।

**অন্যান্য লাইসেন্স অথবা সার্টিফিকেশন** – ফি বিভিন্ন হতে পারে
আপনি যে শিল্প অথবা যে ধরনের ব্যবসা খুলছেন তার ওপর নির্ভর করে আপনার অথবা আপনার কর্মীদের স্টেট অথবা কাউণ্টি থেকে অন্যান্য লাইসেন্স অথবা সার্টিফিকেশনের প্রয়োজন হতে পারে। উদাহরণস্বরূপ, বিউটি সেলুন এবং অপারেটরদের স্টেট অব পেনসিলভ্যানিয়া থেকে লাইসেন্স নিতে হবে।

## ফি

পারমিট, লাইসেন্স এবং সার্টিফিকেশন এর প্রতিটি আবেদনের জন্য আপনাকে ফি দিতে হবে। এই ফি নির্ভর করে পারমিট এর ধরন, কতগুলি পরিদর্শন প্রয়োজন এবং/অথবা আপনি যে গঠনগত পরিবর্তনের প্রস্তাব দিচ্ছেন তার ব্যয়ের ওপর। যদি আপনি ফুড এস্টাব্লিশমেণ্ট খুলতে চান অথবা জোনিং এর পরিবর্তন করতে চান, তাহলে অতিরিক্ত ফি দিতে হবে।